গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.০০০.২২৩.২০.০০০৩.২৪-৬৭

তারিখ: ০২/০৯/২০২৪ খ্রি.

প্রাপক: জিওসি
২৪, পদাতিক ডিভিশন
চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম।

বিষয়: সম্প্রীতি ও উন্নয়ন প্রকল্প কর্মসূচীর অধীনে ১ম কিস্তির খাদ্যশস্য (চাল ও গম) ছাড়করণ প্রসংগে।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩, তারিখ: ৩০/০৬/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকে বরাদ্দকৃত খাদ্যশস্যের মধ্যে এ মন্ত্রণালয়ের ২৮/০৮/২০২৪ তারিখের ২৯.০০.০০০০.২২৩.২০.০০২.২৪-৬৫ নম্বর অফিস আদেশে সম্প্রীতি ও উন্নয়ন প্রকল্প কর্মসূচীর অধীনে বিভাজনকৃত ৪,০০০(চার হাজার) মে.টন চাল ও ৮,০০০ (আট হাজার) মে.টন গমসহ সর্বমোট ১২,০০০ (বার হাজার) মে.টন খাদ্যশস্য (চাল ও গম) এর মধ্যে **১ম কিস্তি বাবদ ১,০০০ মে.টন চাল ও ২,০০০ মে.টন গম** জিওসি ২৪, পদাতিক ডিভিশন চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম এর অনুকূলে ছাড়করণ করা হলো।

০২। এ ব্যয় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়, ৩৭-সামাজিক সুবিধাদি, ৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি, ৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল), ৩৭২২১০২-ত্রাণ কার্য (গম) খাত এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে বরাদ্দকৃত খাদ্যশস্যের অর্থনৈতিক মূল্যের ভিত্তিতে আনুপাতিক হার এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য বিভাজনকৃত পত্রে বরাদ্দকৃত খাদ্যশস্য খাত থেকে বহন করা হবে।

শর্তসমূহ:

ক) এ মন্ত্রণালয়ের ১৯/১০/২০০৬ খ্রি. তারিখের পাচবিম (সম-১)-৭৩/৯৮(অংশ-১)-৩০৩ নং স্মারকে বিশেষ প্রকল্প বাস্তবায়ন কর্মসূচির জন্য পার্বত্য জেলার জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহার ও বিতরণ নীতিমালায় বর্নিত সকল শর্তাদি যথানিয়মে প্রতিপালন এবং বিতরণ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

খ) বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে।

গ) প্রয়োজনবোধে জিওসি বরাদ্দকৃত ত্রৈমাসিক খাদ্যশস্য ০১ (এক) মাস অন্তর অন্তর খাদ্য গুদাম হতে উত্তোলনপূর্বক বিতরণ করতে পারবেন।

ঘ) বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।

(মালেকা পারভীন)
উপসচিব
ফোনঃ ০২৫৫১০০১২৩

নম্বর-২৯.০০.০০০০.০০০.২২৩.২০.০০০৩.২৪-৬৭

তারিখ: ০২/০৯/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
৫. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনবার্সন এবং অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনবার্সন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।

চলমান পাতা-০২

৮. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
১১. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
১৩. অফিস কপি।

০২৪০৭১৬২৪
(মালেকা পারভীন)
উপসচিব